সংবাদ

তারিখ ... 12 FEB 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ......



# জবির ফটকের সামনে গণশৌচাগার রিকশার গ্যারেজ

প্রতিনিধি, জবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বাংলা বাজারের দিকে ফটকের সামনে স্থাপন করা হয়েছে গণশৌচাগার। দুর্গন্ধে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। ভোগান্তিতে পড়েছে বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার শিক্ষার্থী। এছাড়া ফটকের চারপাশজুড়ে গাড়ি মেরামতের প্রায় বিশটি দোকান বসেছে। তার পাশেই গড়ে উঠেছে একটি রিকশার গ্যারেজ। বিশ্ববিদ্যালয়ের এ ফটকটি ব্যবহার অনুপযোগী হয়ে গেলেও কোন ব্যবস্থা নিচ্ছে না বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ বিষয়ে জবি প্রক্টর ড. নূর মোহাম্মদ বলেন, এ বিষয়ে তিনি জানেন না। সরেজমিনে দেখে ব্যবস্থা নেয়া হবে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অভিযোগ করেছেন, নতুন ভবনের উর্ধ্বতন সম্প্রসারণ কাজের নামে ফটকটি আপাতত বন্ধ রাখা হয়েছে। এতে যাতায়াতে বাধাগ্রস্ত হচ্ছেন শিক্ষার্থীরা। এ সুযোগে ফটকটিসহ তার আশপাশের জায়গা দখলে নিতে বিভিন্ন পাঁয়তারা করছে বিভিন্ন মহল। এর সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতাদের সংশ্লিষ্টতার অভিযোগও রয়েছে।

এ বিষয়ে অষ্টম ব্যাচের শিক্ষার্থী মামুন মিয়া বলেন, প্রশাসন এখনই ব্যবস্থা না নিলে সাময়িক বন্ধ থাকা ফটকটি চিরতরে হারাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

ফটকটি বন্ধ থাকায় একটি মাত্র ফটক (প্রধান ফটক) দিয়ে বিশ্ববিদ্যালয়ের বিশ হাজার শিক্ষার্থী, পাঁচ শতাধিক শিক্ষক, কয়েকশ' কর্মকর্তা ও কর্মচারীরা যাওয়া আসা করেন। এছাড়া বিশ্ববিদ্যালয় পরিবহনের বাসগুলো যাওয়া আসার জন্য একটি মাত্র ফটকই ভরসা।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ছাত্র খান রাসেল বলেন, কাজের অজুহাতে ফটকটি বন্ধ থাকায় প্রধান ফটকে ভিড় বাড়ছে। এছাড়া দীর্ঘদিন গণশৌচাগার থাকলে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ক্ষতিগ্রস্ত হবে। এছাড়াও ফটকটি বেদখল হয়ে যেতে পারে বলেও অনেকে মন্তব্য করেছেন।